ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৯৩

আগরতলা,৯ সেপ্টেম্বর,২০২৫

# ধলাই জেলায় জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি নিয়ে কর্মশালা

আজ ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের (সি.এম.ও.) কার্যালয়ের কনফারেন্স হলে জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি (এন.টি.সি.পি.) এর ওপর জেলা স্তরের প্রশিক্ষণ ও কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় মহকুমা স্বাস্থ্য আধিকারিক, স্বাস্থ্য কেন্দ্রগুলির ভারপ্রাপ্ত আধিকারিক এবং প্রশাসনিক-কাম-অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্টরা অংশগ্রহণ করেন। এই কর্মশালার মূল উদ্দেশ্য ছিল ধূমপান ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণ আইন (সি.ও.টি.পি.এ.) কার্যকরভাবে ধলাই জেলায় বাস্তবায়ন করা। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. এপোলো কলই, ধলাই জেলা প্রোগ্রাম ম্যানেজার দীপন কর, ধলাই জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির জেলা পরামর্শদাতা জেসেন দেববর্মা। বক্তারা সি.ও.টি.পি.এ. আইনের বিভিন্ন দিক, যেমন প্রকাশ্য স্থানে ধূমপান নিষিদ্ধকরণ, শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ গজের মধ্যে তামাকজাত দ্রব্য বিক্রি নিষিদ্ধ করা এবং তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপনে নিষেধাজ্ঞা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

*****